দর্শনায় পৌরসভার উদ্দ্যেগে মশক নিধোন অভিযান শুরু

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় পৌরসভার উদ্দ্যগে মশক নিধোন অভিযান শুরু হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ১১ টার দিকে দর্শনা ফুড গোডাউনের সামনে এ মশক নিধোনের আনুষ্ঠানিক উদ্ধোধন করেন। দর্শনা পৌর প্রশাসক কে এইচ তাসফিকুর রহমান।তিনি ফকার মেশিন ড্রেনের ও আশেপাশের আবরজনা মশক নিধোনের কার্যক্রম শুরু করেন।

এ সময় পৌর প্রশাসক তাসফিকুর রহমান বলেন, অনেক আগে থেকে পৌর এলাকা পরিস্কার পরিছন্ন অভিযান শুরু হয়েছে এবং পৌর এলাকায় ড্রেন পরিস্কার করা হয়েছে। এখন মশা নিধোন কার্যক্রম শুরু হয়েছে এবং চলমান থাকবে। আগামী ১৫ দিনসহ এ কার্যক্রম চলমান থাকবে।

এছাড়া তিনি আরো বলেন, শুধু পৌর কতৃপক্ষ নয় পৌর এলাকার মানুষকে সচেতন হতে হবে। ডাবের খোলা প্লষ্টিকের ডপ যে সব পাত্রে পানি জমে থাকে সেগুলো পরিস্কার রাখতে হবে।

এ সময় মশক নিধোন অভিযানে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর প্রকৌশলী সাজেদুল আলম, দামুড়হুদা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হুসনে জাহান, দর্শনা পৌরসভার প্রধান সহকারী রুহুল আমিন খান, পৌর করনিক সরোয়ার হোসেন, উপজেলা একাডেমী সুপারফাইজার রাফিজুল ইসলাম।এছাড়াও পৌরসভার কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

দর্শনা পৌরসভায় বৃক্ষ রোপন উদ্ধোধন উপলক্ষে আলোচনা সভা অনুষ্টিত

গাছ লাগায় পরিবেশ বাঁচাই এ স্লোগানকে সামনে রেখে দর্শনা পৌরসভায় রাস্তার দুই পাশে বৃক্ষ রোপন ও আলোচনা সভা ২০২৪

অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে ১০ টায় দর্শনা রেল বাজার মুক্ত মঞ্চ আবু সাঈদ চত্তরে এ বৃক্ষ রোপন কর্মসৃচী অনুষ্টিত হয়।

বৃক্ষ রোপন অনুষ্ঠানে সচেতন নাগরিক সমাজের আহবায়ক শিক্ষক হারুন জুয়েলের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ প্রফেসার আজিজুর রহমান, এ সময় মুক্ত মঞ্চে এই বৃক্ষরোপণ কর্মসূচির শুভ উদ্ভোধন অনুষ্ঠানে বলেন, সবাই বেশি বেশি বৃক্ষ রোপন করে দেশটাকে আরো সবুজায়ন করতে হবে। সেই সাথে সবাইকে এক হয়ে দেশের উন্নয়নে কাজ করে যেতে হবে।

এ সময় আরও বক্তব্য দেন দর্শনা পৌরসভার কাউন্সিলর রবিউল হক সুমন, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, শিক্ষক আল হেলাল রাজা, তারিফ উদ্দিন, শিক্ষক ফারুক আহমেদ, আঃ খালেক ,আঃ হান্নান দূলাল, ডাবলু, জনি, রশিদ, সজল, সজিব ও সচেতন নাগরিক সমাজের সম্মানিত সদস্যবৃন্দ।

উপস্থাপনা করেন সদস্য বাকী বিল্লাহ।দর্শনা পৌরসভার রেল বাজার থেকে দর্শনা বাসষ্ট্যান্ড রাস্তার দু পাশে বিভিন্ন ধরনের ১শ টি ফুল ও ফলের গাছ লাগানো হয়। এ বৃক্ষ রোপন অনুষ্ঠানে সার্বিক সহযোগিতা করেন এম.ডি আর্থ মুভিং সলিউশন, ঢাকা ইঞ্জিনিয়ার মুজিবুল হক।

প্রশাসক হিসাবে দর্শনা পৌরসভায় তাসফিকুর রহমানের যোগদান

বৈষম্য বিরোধী আন্দোলন করে স্বৈরাচারী সরকারকে বিদায় হওয়ার পর গত ১৯ আগষ্ট সারা দেশে স্থানীয় সরকার বিভাগের মেয়র পদ অপসারন করেন। অপসারনের পর দর্শনা পৌরসভার পৌর প্রশাসক হিসাবে যোগদান করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ পৌর ১ শাখার ১৮ আগস্টে ২০২৪ ইং তাং নিয়োগ প্রাপ্ত হন। গত ১৯ শে আগস্ট দর্শনা পৌরসভার প্রশাসক হিসাবে যোগদান করেন।

গতকাল মঙ্গলবার ১ম কর্ম দিবসে দর্শনা পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের সাথে বিকাল ৪ টায় পৌর হলরুমে মত বিনিময় করেন।

দর্শনা পৌরসভার প্রশাসক তাসফিকুর রহমান বলেন মানুষের সেবায় হবে আমাদের একমাত্র লক্ষ্য, দর্শনা পৌরবাসি সেবা গ্রহণ করতে এসে কেউ যেন হয়রানি শিকার না হয়। আমি শুনেছি পূর্বের মেয়র সাহেব ভালমনের মানুষ ছিলেন। মেয়র সাহেবের কাছে সেবা নিতে এসে খুশি মনে বাড়ি ফিরতেন পৌরবাসি। সেই সেবা আপনাদের মাধ্যমে দিতেন। আমিও চায় আপনাদের সাথে নিয়ে মানুষের সেবা দিতে। একই সাথে আপনাদের কে হুশিয়ারী করে বলতে চায় এখানে কোন দুর্নীতির সুযোগ নাই যে কারও বিরুদ্ধে অভিযোগ উঠলে সাথে সাথে আইনি ব্যবস্থা নেব। জনগণের চাহিদা থাকে রাস্তাঘাট ড্রেন পরিষ্কার, রোড লাইট সহ জন্ম মৃত্যু সনদ সহজে সহায়তা করা। একই সাথে পৌর কর্মচারীদের বকেয়া বেতনভাতা প্রদানের আশ্বাস প্রদান করেন। মত বিনিময় সভায় আরও আলোচনা করেন দর্শনা পৌরসভার সহকারি প্রকৌশলী ভারপ্রাপ্ত সচিব সাজেদুল আলম, পৌর কর নির্ধারক সরোয়ার হোসেন, কর আদায়কারী আরিফিন হোসেন, কার্য সহকারী হারুন অর রশিদ, লাইসেন্স পরিদর্শক মমিনুল ইসলাম, সহকারী কর আদায়কারী জাহিদুল ইসলাম। আরও উপস্থিত ছিলেন পৌরসভার কর্মকর্তা কর্মচারীরা।

দর্শনা পৌরসভায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা

দর্শনা পৌরসভায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত।

গতকাল রবিবার সকাল ১১ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে দর্শনা পৌরসভার হল রুমে অনুষ্টিত প্রস্তুতি সভার সভাপতিত্ব করেন, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু।

প্রস্ততি সভায় উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা এরশাদ আলী মাষ্টার, বীর মুক্তিযুদ্ধা সৈয়দ মজনুর রহমান, বীর মুক্তিযুদ্ধা আনোয়ার হোসেন, নাগরিক কমিটির আহবাহক গোলাম ফারুক আরিফ, দর্শনা ডি এস মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ শফিউদ্দিন, সমাজ সেবক জাহিদুল ইসলাম।

কাউন্সিলার সাবিবর হক মিকা উপস্থাপনায়, আরও আলোচনা করেন, দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান, দর্শনা গনউন্নয়ন গ্রন্থগারের পরিচালক আবু সুফিয়ান, পৃর্ব রামনগরের প্রধান শিক্ষক হারুন অর রশিদ, দর্শনা পৌরসভার কর্মকর্তা কর্মচারী বৃন্দু প্রমুখ।

দর্শনা পৌরসভায় বিজয় দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা

মহান বিজয় দিবস১৬ ই ডিসেম্বর পালনের লক্ষে দর্শনা পৌরসভায় প্রস্তুতি মৃলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে দর্শনা পৌরসভার হল রুমে অনুষ্টিত প্রস্তুতি সভার সভাপতিত্ব করেন, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু।

অনুষ্টানে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারী কলেজের সাবেক উপধাক্ষ্য মোশারফ হোসেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজের প্রভাষক আশরাফুল আলম, দর্শনা থানার ওসি তদন্ত নিরব হোসেন, বীর মুক্তিযোদ্ধা এরশাদ আলী মাষ্টার, বীর মুক্তিযুদ্ধা মহাসিন আলী।

দর্শনা পৌর প্যালেন মেয়র রবিউল হক সুমনের উপস্থাপনায় আরও

উপস্থিত ছিলেন দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান,দর্শনা গনউন্নয়ন গ্রন্থগারের পরিচালক আবু সুফিয়ান,পৃর্ব রামনগরের প্রধান শিক্ষক হারুন অর রশিদ,দর্শনা পৌরসভার কর্মকর্তা কর্মচারী বৃন্দ প্রমুখ।

দর্শনা পৌরসভায় ডেঙ্গু প্রতিরোধে গণ সচেতনামূলক আলোচনা সভা

সারা বাংলাদেশে ডেঙ্গু আতংকে ভুগছে ঠিক তখনই চুয়াডাঙ্গা জেলা ব্যাপি ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিতে জেলার দর্শনা পৌরসভার উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে গণসচেতনামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে দর্শনা পৌরসভার হল রুমে ডেঙ্গু গণ সচেতনতা মূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবুর সভাপতিত্বে এ গণসচেতনামৃলক আলোচনায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন দর্শনা পৌর আওয়ামীগের সহ-সভাপতি শফিকুল ইসলাম, দর্শনা ফাজিল (ডিএস) মাদ্রাসার সুপার শফি উদ্দিন, আওয়ামীলীগ নেতা মোজাহারুল ইসলাম।

দর্শনা পৌরসভার প্যানেল মেয়র রবিউল হক সুমনের উপস্থাপনায় উপস্থিত থেকে আরো বক্তব্য রাখেন, দর্শনা গণ উন্নয়ন গ্রন্থগারের (সিডিএল) পরিচালক আবু সুফিয়ান, সমাজ সেবক জাহিদুল ইসলাম, রেলবাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান, শিক্ষক হারুন অর রশিদ, আওয়ামীলীগ নেতা ফয়সাল আহম্মেদ, প্রমুখ।

দর্শনা পৌরসভার উদ্যোগে ২ দিন ব্যাপি কোভিড ১৯ টিকার কার্যক্রম শুরু

দর্শনা পৌরসভার উদ্যোগে দু’দিনের বিশেষ উদ্যোগে কোভিট ১৯ টিকা দেওয়া শুরু হয়েছে।

আজ শরিবার বেলা ১২ টার দিকে দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবুর সভাপতিত্বে, টিকার কার্যক্রম উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু। এ সময় তিনি বলেন যারা টিকা নিতে পারে নাই তাদের জন্য এ সুবিধা দেওয়া হয়েছে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ। এ সময় দর্শনা পৌর মেয়র বলেন যাদের ৩য় ৪র্থ ডোজ দেয়া হয়নাই তাদেরকে এ টিকা নেবার সুযোগ থাকছে। আজ শনিবার ও আগামীকাল রবিবার এ দুদিনে দর্শনা পৌরসভায় এসে এ টিকার ডোজ দেয়া সম্পন্ন করা হবে।

দলীয় প্রার্থী যেই হোক তার পক্ষে কাজ করতে হবে– এমপি টগর

দর্শনা পৌর উপ-নির্বাচন উপলক্ষে দর্শনা পৌর আওয়ামী লীগের বর্ধীত সভা ও কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে পৌর আওয়ামী লীগের আয়োজনে পৌর আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে বর্ধীত সভায় সভাপতিত্ব করেন দর্শনা পৌর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি বীরমুক্তিযোদ্ধা রুস্তম আলী।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চুয়াডাঙ্গা-২ আসনের জাতীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন আওয়ামী লীগের উন্নয়ন

দেখে দিশেহারা হয়ে পড়েছে স্বাধীনতা বিরোধী অপশক্তিরা।

তারা যতই অপশক্তি চালাক না কেনো, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সারা দেশে উন্নয়ন কর্মকান্ড অব্যাহত থাকবে। আপনারা জানেন দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান গত ২৭ ডিসেম্বর মারা যান, মতিয়ারের মৃত্যুতে দলের অপুরনীয় ক্ষতি হয়েছে যা, পুরণ হবার নয়। আগামী ১৬ মার্চ অনুষ্ঠিত হতে যাচ্ছে দর্শনা পৌরসভার উপ-নির্বাচন। নির্বাচনকে ঘিরে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশীরা ইতিমধ্যে দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি সাধারণ সম্পাদক বরাবর দলীয় মনোনয়ন চেয়ে আবেদন করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যাকেই দলীয় প্রার্থী মনোনীত করুক না কেনো তার পক্ষে সবাই কাদে কাদ মিলিয়ে নৌকার পক্ষে কাজ করতে হবে। কেউ নৌকার বিপক্ষে গেলে তাকে দল থেকে কঠিন শাস্তি দেওয়া হবে।

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী মুনসুর বাবু’র উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা মাহাফুজুর রহমান মনজু,দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি মোজাহারুল ইসলাম,দর্শনা পৌর আওয়ামী লীগের সাবেক সভাপতি হাজী শহিদুল ইসলাম, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি হুমায়ুন কবীর, আরো উপস্থিত ছিলেন বীরমুক্তিযোদ্ধা এরশাদ মাষ্টার, লিয়াকত আলী, আ:লীগ নেতা আমির হোসেন, সিরাজুল ইসলাম, বীরমুক্তিযোদ্ধা জয়নাল আবেদীন, ইদ্রিস আলী, হায়দার আলী, দাউদ হোসেন, আব্দুল হান্নান সহ দর্শনা পৌর আওয়ামী লীগের ৯ টি ওয়ার্ডের সভাপতি সাধারণ সম্পাদক বৃন্দ। অনান্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন যুবলীগ, ছাত্রলীগ সহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

দর্শনা পৌর আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পত্র চেয়ে যারা আবেদন করেছেন তারা হলো দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক কোষাধ্যক্ষ প্রয়াত মেয়র মতিয়ার রহমানের সহোদর আতিয়ার রহমান হাবু, দর্শনা কলেজ ছাত্রলীগের সাবেক ভিপি ও জিএস আবু সাঈদ মোহাম্মদ হাসান, দর্শনা পৌর ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও দর্শনা পৌর যুবলীগের সাধারণ সম্পাদক সাবির হোসেন মিকা, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দর্শনা পৌর যুবলীগের সভাপতি আশরাফুল আলম বাবু, সাধারণ সম্পাদক শেখ আসলাম আলী তোতা, দর্শনা পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক

দর্শনা পৌরসভার মেয়র পদে উপ-নির্বাচনসহ ৫ ইউপিতে ভোট ১৬ মার্চ

চুয়াডাঙ্গার দর্শনা পৌর সভায় মেয়র পদে উপ-নির্বাচন এবং আলমডাঙ্গায় দুটি ও জীবননগরে তিনটি ইউনিয়ন পরিষদে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে।

গতকাল সোমবার (২৩ জানুয়ারি ) নির্বাচন কমিশন তফসিল ঘোষণা করেন আগামী ১৬ মার্চ এই ছয়টি পরিষদের নির্বাচন অনুষ্টিত হবে ।

দর্শনা পৌরসভার মেয়র পদে উপ-নির্বাচনে রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন জেলা নির্বাচন অফিসার তারেক আহম্মেদ। ঘোষিত তফশিল অনুযায়ী আগামী ১৯ ফেব্রুয়ারি মনোনয়নপত্র দাখিলের শেষদিন ।

মনোনয়নপত্র বাছাই ২০ ফেব্রুয়ারি, প্রত্যাহার ২৭ ফেব্রুয়ারি।এবং ১৬ মার্চ সকাল সাড়ে ৮টা থেকে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। দামুড়হুদা উজেলার দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান গত ২৭ ডিসেম্বর ইন্তেকাল করেন। তার মৃত্যুর পর দর্শনা পৌরসভার ১ নং প্যানেল মেয়র রবিউল হক সুমন দায়িত্ব পালন করছেন।

এদিকে দর্শনা পৌরসভার মেয়র পদে উপ-নির্বাচনে আওয়ামী লীগের দলীয় প্রার্থী মেয়র মতিয়ার রহমানের ছোট ভাই পৌর আওয়ামী লিগের নতুন সভাপতি আতিয়ার রহমান হাবুকে মনোনিত করা হয়েছে ।

এছাড়া দর্শনা পৌর উপ-নির্বাচনে মেয়র পদে কে কে প্রার্থী হবেন তা কয়েক দিনের মধ্যে বোঝা যাবে। অপরদিকে, আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়ন ও আইলহাঁস ইউনিয়ন এবং জীবননগর উপজেলার উথলী, মনোহরপুর ও কেডিকে ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। নাগদাহ ইউনিয়ন পরিষদে আবুল কালাম আজাদ,আইলহাঁস ইউনিয়নে অ্যাড. আব্দুল মালেক, জীবননগরের উথলী ইউনিয়ন পরিষদে আবুল কালাম আজাদ, মনোহরপুর

ইউনিয়নে সোহরাব হোসেন খান এবং কেডিকে ইউনিয়নে খায়রুল বাশার চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।

দর্শনা পৌরসভায় ওয়ার্ড কাউন্সিলরের বিরুদ্ধে মেয়র মতিয়ারের সংবাদ সম্মেলন

দর্শনা পৌরসভায় সহকারী প্রকৌশলী সাজেদুল আলমের উপর হামলার ঘটনায় মেয়র মতিয়ার রহমান ৭ নং ওয়ার্ড কাউন্সিলর সাবির হোসেন মিকা ও ১ নং ওয়ার্ড কাউন্সিলর খালেকুজ্জামানের বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছে দর্শনা পৌরসভার মেয়র মতিয়ার রহমান।

বৃহস্পতিবার সকাল ১০টায় দর্শনা পৌরসভার হল রুমে এ সংবাদ সম্মেলন অনুষ্টিত হয়। এ সংবাদ সম্মেলনে তিনি লিখিত বক্তব্যে বলেন, গত ১৭ জুলাই বেলা ১২ টার দিকে দর্শনা থানা পাড়ার ইয়াকুব মীরের ছেলে পৌরসভার ৭নং ওয়ার্ড কাউন্সিলর সাবির হোসেন মিকা (৪২) ও দর্শনা পৌরসভার দক্ষিণ চাঁদপুর গ্রামের লাল মিয়া শাহর ছেলে ১নং ওয়ার্ড কাউন্সিলর খালেকুজ্জামান (৪৩), দর্শনা পুরাতন বাজার জোড়া বটতলার আবুল কাশেমের ছেলে জাহিদুল ইসলাম (৪১), দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের আনোয়ার হোসেনের ছেলে রাশেদুল ইসলাম মিঠু (২৯), দর্শনা পৌরসভার ইসলাম বাজার পাড়ার কলিম উদ্দীনের ছেলে সিঙ্গার হোসেন (৩১), দর্শনা পৌরসভার দক্ষিণ চাঁদপুর গ্রামের মৃত বিপ্লব হোসেনের ছেলে মোস্তাক (২৭) সহ অজ্ঞাতনামা ১০/১২ ব্যাক্তি দর্শনা পৌরসভার সহকারী প্রকৌশলী সাজেদুল ইসলামের অফিস কক্ষে প্রবেশ করে।

এসময় আইন বর্হিভূত ভাবে অনিয়ম এবং ভয় ভীতি দেখিয়ে ট্রেড লাইসেন্স জোর পূর্বকভাবে নেওয়ার চেষ্টা করে। এতে সহকারী প্রকৌশলী সাজেদুল আলম বাঁধ সাধলে অভিযুক্তরা তার উপর

বর্বরোচিত হামলা ও অফিস কক্ষ ভাংচুর করা হয় সহ জোরপূর্বকভাবে অফিসের ষ্টিলের আলমারীর ভিতর থেকে নগদ ১ লক্ষ ১০ হাজার ৩৩৫ টাকা

লুট করে নেওয়া সহ পৌর হোল্ডিং ট্যাক্স আদায় করিতে বাঁধা প্রদান করে। এ ঘটনায় দর্শনা মেয়র মতিয়ার রহমান বাদি হয়ে ৬ জনের নাম উল্লেখ করে অজ্ঞাত আরও ১০/১২ জনকে আসামী করে দর্শনা থানায় একটি অভিযোগ করে।

সংবাদ সম্মেলনে তিনি আরও বলেন, অভিযুক্ত ৭নং ওয়ার্ড কাউন্সিলর সাবির হোসেন মিকা ও ১নং ওয়ার্ড কাউন্সিলর খালেকুজ্জামান বিভিন্ন সময় আমার অফিসে আসিয়া অনিয়ম এবং ভয় ভীতি দেখাইয়া আইন বর্হিভূত ভাবে বিভিন্ন প্রকারের কাজ নিয়ে আসে।

সে সমস্ত আপত্তিকর মূলক কাজ করে না দেওয়ায় তার দীর্ঘদিন ধরে পৌর সভার সুনাম ক্ষুন্ন করতে বিভিন্ন সময় বিভিন্ন ভাবে অপবাদ মূলক কুৎসা রটাতে থাকে।

এদিকে তারা পৌর সহকারী প্রকৌশলীর উপর হামলা সহ অফিস কক্ষের হামলা চালিয়ে ভাংচুর ও অর্থ লুটের ঘটনা আড়াল করতে অভিযুক্তরা গত ১৯ জুলাই দর্শনা প্রেসক্লাবে একটি সংবাদ সম্মেলন করেন।

সে সংবাদ সম্মেলনে দর্শনা পৌর সভায় কোন ওপেন টেন্ডার ছাড়াই পছন্দের ঠিকাদারকে কাজ পাইয়ে দেওয়া, টিআর কর্মসূচি, ভিজিএফ, নতুন জন্ম নিবন্ধন বা সংশোধনে অনিয়ম, সাবেক হিসাব রক্ষক রুমি আলম পলাশের বিরুদ্ধে আপত্তিকর কথা সহ সৌর সড়ক বাতি স্থাপন প্রকল্পের আংশিক কাজ শেষ করে সমূদয় বিল উত্তোলনের সম্পন্ন মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন অভিযোগ করা হয়েছে।

এসংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন, দর্শনা পৌরসভার সহকারী প্রকৌশলী সাজেদুল আলম, প্যানেল মেয়র-১ ও ৩নং ওয়ার্ড কাউন্সিলর রবিউল হক সুমন, ২নং ওয়ার্ড কাউন্সিলর এনামুল হক কবীর, ৪নং ওয়ার্ড কাউন্সিলর মনির সরদার, ৫নং ওয়ার্ড কাউন্সিলর সাইফুল ইসলাম মুকুল, ৯নং ওয়ার্ড কাউন্সিলর আশুর উদ্দিন আশু, সংরক্ষিত কাউন্সিলর বিলকিস খাতুন, জাহানারা খাতুন, সুরাতন নেসা, হিসাবরক্ষক সরওয়ার হোসেনসহ পৌরসভার কর্মকর্তা ও কর্মচারীরা।